

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

রম্যানে ইফতার করার পরে যদি সূর্য দেখা দেয়

আসমা বিনতে আবু বকর রাদিয়াল্লাহু 'আনহা থেকে বর্ণিত, তিনি বলেন,

«أَفْطَرْنَا عَلَى عَهْدِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ غَيْمٍ، ثُمَّ طَلَعَتِ الشَّمْسُ، قِيلَ لِهِشَامٍ: فَأُمِرُوا بِالقَضَاءِ؟ قَالَ: لاَ بُدَّ مِنْ قَضَاءٍ وَقَالَ مَعْمَرٌ: سَمِعْتُ هِشَامًا لاَ أَدْرِي أَقَضَوْا أَمْ لاَ

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে একবার মেঘাচ্ছন্ন দিনে আমরা ইফতার করলাম, এরপর সূর্য দেখা যায়। বর্ণনাকারী হিশামকে জিজ্ঞাসা করা হলো, তাদের কি কাযা করার নির্দেশ দেওয়া হয়েছিল? হিশাম রহ. বললেন, কাযা ছাড়া উপায় কি? (অপর বর্ণনাকারী) মা'মার রহ. বলেন, আমি হিশামকে বলতে শুনেছি, তাঁরা কাযা করেছিলেন কিনা তা আমি জানি না।"[1]

>

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯৫৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10884

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন